দৈনিক ইত্তেফাক

তারিখ ..3.1. JUL ..1998
পৃষ্ঠা: ২৮ কলাম ৪

# চট্টগ্রাম ভার্সিটির ভিসি ছাত্রীদের হাতে ১৭ ঘন্টা অবরুদ্ধ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আব্দুল মান্নানকে তাঁহার কার্যালয়ে সাড়ে ১৭ ঘন্টা পর্যন্ত অবরুদ্ধ করিয়া রাখার পর উভয়পক্ষের মধ্যে সমঝোতার ভিত্তিতে ছাত্রীরা অবরোধ কর্মসূচী প্রত্যাহার করিয়া নেয়। প্রীতিলতা হলের ৪ জন ছাত্রীকে হল হইতে বহিষ্কার এবং ৮ জন ছাত্রীকে শো-কজ নোটিস দেওয়ার প্রতিবাদে এবং প্রীতিলতা হলের প্রভোষ্ট অধ্যাপক ফসিউল আলমের বহিষ্কারের দাবীতে গত বুধবার সকাল ১০টা হইতে বিভিন্ন হলের কয়েকশত ছাত্রী ভিসি অধ্যাপক আব্দুল

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

*(শেষ পৃঃ পর)*

মান্নানকে তাঁহার কার্যালয়ে ঘেরাও করে। ছাত্রীরা হল প্রভোষ্টকে বহিষ্কার এবং হল হইতে ছাত্রীদের বহিষ্কারের ও শো-কজ প্রদানের সিদ্ধান্ত বাতিলের দাবীতে অনড় থাকে। অপরদিকে ভিসিসহ বিশ্ববিদ্যালয় কর্মকর্তারা এই ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত না দেওয়ায় কোন মীমাংসায় পৌছানো সম্ভব হয় নাই। এমনি অবস্থায় রাত সাড়ে ৩টার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হল হইতে কয়েকজন ছাত্রীর বহিষ্কার ও শোক-কজ নোটিস প্রত্যাহারের আশ্বাস দিলে ছাত্রীদের ও ভিসি'র মধ্যে সমঝোতা সম্ভব হয়। ছাত্রীরা প্রভোষ্ট বহিষ্কারের দাবী হইতে সরিয়া দাঁড়ায়। দীর্ঘ সাড়ে ১৭ ঘন্টা পর্যন্ত অবরোধ চলাকালে প্রশাসনিক ভবনের নীচে সার্বক্ষণিক পুলিশ অবস্থান করিলেও কোন প্রকার হস্তক্ষেপ করে নাই।